

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
শুজ্বলা শাখা
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩৩.২০-১৭৭

তারিখ: ২১ কার্তিক ১৪২৭
০৪ নভেম্বর ২০২০

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব আব্দুল হামিদ মোড়ল, উপ-পরিচালক (প্রশিক্ষণ), জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ঢাকা, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কুষ্টিয়ার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব আব্দুস ছামাদ তালুকদারের স্বাক্ষর জাল করে নিপোর্টের পরিচালক (প্রশিক্ষণ), জনাব মোঃ মতিয়ার রহমান ও অডিওভিজুয়াল স্পেশালিষ্ট জনাব রাজিবুল হাসানকে জড়িয়ে দুর্নীতি দমন অফিসসহ বিভিন্ন অফিসে মিথ্যা ও ভিত্তিহীন অভিযোগ দাখিল করেছেন। এ ধরনের মিথ্যা ও ভিত্তিহীন অভিযোগ দাখিলের কারণে নিপোর্টের সাবেক মহাপরিচালক, পরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ মতিয়ার রহমান, অডিওভিজুয়াল স্পেশালিষ্ট জনাব রাজিবুল হাসান এবং FWVTI (বর্তমানে RPTI) কুষ্টিয়ার অধ্যক্ষ জনাব আব্দুস ছামাদ তালুকদারসহ ১২ জন অধ্যক্ষ ও ২০ জন প্রশিক্ষণ কর্মকর্তার সম্মানহানিসহ প্রতিষ্ঠানের সুনাম ক্ষুণ্ণ হয়েছে;


যেহেতু, জনাব আব্দুল হামিদ মোড়ল, উপ-পরিচালক (প্রশিক্ষণ), জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এর বিরুদ্ধে অসংগত, চাকরির শুজ্বলার জন্য হানিকর ও শিষ্টাচার বহির্ভূত উল্লিখিত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শুজ্বলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা বুজু পূর্বক কারণ দর্শানো হয়েছে এবং তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে গত ২৭/১০/২০২০ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি জবাবে ও শুনানিতে লিখিত স্বীকারোক্তি প্রদান করেছেন এবং শুনানীকালে তিনি উল্লেখ করেছেন যে, তার এ অন্যায় কাজের জন্য তিনি অত্যন্ত অনুতপ্ত ও লজ্জিত। তিনি ভবিষ্যতে এ ধরনের ঘৃণিত কাজ আর কখনোই করবেন না;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানিতে শর্তহীনভাবে সকল অভিযোগ স্বীকার করেছেন এবং ক্ষমা প্রার্থনা করেছেন;

সেহেতু, সার্বিক বিষয় বিবেচনা করে অভিযুক্ত জনাব আব্দুল হামিদ মোড়ল, উপ-পরিচালক (প্রশিক্ষণ), জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ঢাকাকে 'সরকারি কর্মচারী (শুজ্বলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর ৭(২)(খ) বিধি মোতাবেক লঘুদণ্ড হিসেবে 'তিরস্কার' দণ্ড আরোপ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ আলী নূর)
সচিব

নং :৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩৩.২০-১৭৭

তারিখ: ২৭ কার্তিক ১৪২৭
০৪ নভেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫।
- ২। পরিচালক (প্রশাসন), জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫। (তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৬। জনাব আব্দুল হামিদ মোড়ল, উপ-পরিচালক (প্রশিক্ষণ), জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ঢাকা।


০৪/১১/২০২০
(উম্মে কুলসুম)
উপসচিব
ফোন: ৯৫৪৬৩৭৬
Email: disc1@mefwd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শুঞ্জলা শাখা
www.mefwd.gov.bd




নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫০.২০-১৬০

তারিখ: ২৬ কার্তিক ১৪২৭
০৬ নভেম্বর ২০২০

বিষয়ঃ জনাব ডা: তালুকদার মো: শাহজালাল লিমন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), পাটগ্রাম, লালমনিরহাট-এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্র: নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫০.২০-১৭১ তারিখ: ২৯/১০/২০২০ খ্রি.

জনাব ডা. তালুকদার মো: শাহজালাল লিমন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), পাটগ্রাম, লালমনিরহাট এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩ এর (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে। অভিযুক্ত কর্মকর্তার বরাবর প্রেরিত ১ম কারণ দর্শানো নোটিশটি 'সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর ৮(২) বিধি অনুসারে অভিযুক্তের বর্তমান/স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারির ব্যবস্থা গ্রহণ করে জারির প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(উপসচিব কুলসুম)
উপসচিব

ফোন: ৯৫৪৬৩৭৬
Email: disc1@mefwd.gov.bd

উপপরিচালক
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
লালমনিরহাট।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (শুঞ্জলা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।